**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**05 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) আসাম মন্ত্রিসভার বৈঠকে পৌরনিগমের ১ হাজার ৪৪ জন কর্মচারীর চাকুরি প্রাদেশিকীকরণের জন্য বিলে অনুমোদন/

২) আগামী ২৪ শে ফেব্রুয়ারি থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দুদিনের আসাম সফর।

৩) রাজ্যের শিক্ষামন্ত্রী ড: রনোজ পেগুর আজ হাইলাকান্দিতে শিক্ষা বিভাগের এক পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ।

এবং

৪) ৩৮ তম জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার আজ নবম দিনে লন বলে আসামের সুরঞ্জা বরুয়ার রৌপ্য পদক লাভ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে আসাম মন্ত্রীসভার এক বৈঠক অনুষ্ঠিত হয় ।বৈঠকে আসাম পৌরনিগম কর্মচারী প্রাদেশিকীকরণ বিল ২০২৫ এ অনুমোদন জানানো হয় ।এই বিলের মাধ্যমে রাজ্যের ৭১ টি পৌর সংস্থার এক হাজার ৪৬ জন কর্মচারীর চাকুরী প্রাদেশিকীকরণ করতে চাওয়া হয়েছে । মন্ত্রীসভার বৈঠকের পর

জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া একথা জানান । আজকের বৈঠকে আসামে মূল্য সংযোজিত কর কাঠামো অধিক শৃংখলিত করার জন্যও  সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরসূচী নিয়ে আগামী ২৪ শে ফেব্রুয়ারী আসামে আসবেন । রাজ্যে শিল্প ও বিনিয়োগ পরিকাঠামো উন্নয়নের লক্ষে ২৫ ও ২৬ শে ফেব্রুয়ারী গৌহাটীতে অনুষ্ঠেয় এডভান্টেজ আসাম শীর্ষক বিনিয়োগ ও পরিকাঠামো সম্মেলন প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ সংবাদিকদের একথা জানান । তিনি বলেন যে প্রধানমন্ত্রী  আগামী ২৪ শে ফেব্রুয়ারী গৌহাটীতে আসছেন । মুখ্যমন্ত্রী গত দুদিনে নতুনদিল্লীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছাড়া ও অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণ , সড়ক পরিবহন  মন্ত্রী নীতিন গাডকারী , রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ , বানিজ্য ও শিল্প মন্ত্রী পীযুষ গোয়েল , পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের মন্ত্রী হরদ্বীপ সিং পুরী ও ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার সংগে সাক্ষাৎ করেন ।ড: শর্মা গতকাল ছত্তিশগড়ের রাজ্যপাল রমেন ডেকার সংগে ও দেখা করে সম্মেলনে আসার জন্য আমন্ত্রন জানান ।

ড: শর্মা গতকাল এডভান্টেজ আসাম সম্মেলনের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় বৈদেশিক মন্ত্রী ড: এস জয়শংকরের সংগে ও নতুনদিল্লীতে সাক্ষাৎ করেন ।মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রীকে সম্মেলনে আমন্ত্রন জানানো সহ শ্রী জয়শংকর দেশের এক্ট ইষ্ট নীতিতে আসামের গুরুত্বপূর্ন ভূমিকা সম্পর্কে এডভান্টেজ আসামের কার্যসূচীতে আলোকপাত করবেন বলে আশা প্রকাশ করেন ।

বাইট----

---

মূখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ বরঝার গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমানবন্দরের আর্ন্তজাতিক টার্মিনাস পুর্ন উন্নীতকরণ প্রকল্পের উদ্বোধন করেন। প্রকল্পটি উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন যে বছরে ১০ লক্ষ ৩০ হাজার যাত্রীর বহন ক্ষমতা যোগ্য রুপে এই বিমান বন্দরটিকে গড়ে তোলা হবে । এবং বর্তমানের সামর্থ থেকে চার গুণ বেশী যাত্রীকে সুবিধা প্রদান করা যাবে ।এই প্রকল্পের অধীনে বিমান বন্দরটির সামনেরদিকে প্লেটফর্মের এলাকা ২৭০ বর্গ মিটার থেকে এক হাজার বর্গ মিটারে বৃদ্ধি করা হয়েছে । একই ভাবে প্রবেশ পথের সংখ্যা ৮ থেকে ১৪ তে বৃদ্ধি করা হয়েছে ।এছাড়া ৯০০ বর্গ মিটার পায়ে হাটা পথ নির্মান সহ ১৪০ মিটার  দৈর্ঘ্যের কারুকার্যে ভরা একটি দেয়াল নির্মাণ করা হয়েছে ।প্রয়োজনীয় আসবাবপত্র সংযোজন

সহ বিমান বন্দরটিতে নিরাপত্তার অংশ হিসেবে নিরীক্ষণ এলাকা ৩০০ থেকে ৪৫০ বর্গ মিটারে বৃদ্ধি করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদ উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষের পরীক্ষার প্র- পত্র পূরণের জন্য আগামীকাল ও আগামী শুক্রবার পোর্টেল পুনরায় খুলবে বলে জানিয়েছে । এসম্পর্কে পর্ষদের সচিব সংশ্লিষ্ট সব শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানকে আগামী শুক্রবার তথা ৭ ই ফেব্রুয়ারী বিকেল ৫ টা পর্যন্ত শিক্ষার্থীর অনলাইন প্র - পত্র পূরণ প্রক্রিয়া সম্পূর্ন করতে নির্দেশ দিয়েছেন । সময় শেষ হয়ে যাওয়ার পর অনলাইনে প্র-পত্র পূরণের সময়সীমা বৃদ্ধি করা হবেনা বলে পর্ষদ থেকে স্পষ্ট করে দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডক্টর রণোজ পেগু আজ হাইলাকান্দি জেলায় শিক্ষা বিভাগের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হয়ে উন্নতমানের শিক্ষার জন্য একটি ডিজিটেল ফর্মের ডিভাইসে অভিজ্ঞ শিক্ষকদের পাঠদান সংরক্ষিত থাকবে বলে জানান । এধরনের ডিভাইসগুলি ব্যবহারের ফলে কোন নির্দিষ্ট বিষয়ের শিক্ষক বিদ্যালয়ে অনুপস্থিত থাকলেও ছাত্রদের পাঠদান ব্যহত হবে না বলে শিক্ষামন্ত্রী উল্লেখ করেন । এই স্মার্ট ক্লাসগুলির পরিচালনা দিশপুর থেকে করা হবে । পাশাপাশি জেলা স্তরেও মনিটরিং এর ব্যবস্থা করতে শিক্ষামন্ত্রী পরামর্শ দিয়েছেন । বিদ্যালয় সংযুক্তিকরন সর্ম্পকে শিক্ষামন্ত্রী জানান যে কম শিক্ষার্থী থাকা বিদ্যলায়গুলিকে পার্শ্ববর্তী বেশি শিক্ষার্থী থাকা বিদ্যালয়ের সঙ্গে সংযুক্তিকরন করার নীতি গ্রহন করা হয়েছে । বৈঠকে বিধায়ক জাকির হোসেন , জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম, পুলিশ সুপার লীনা দোলে সহ শিক্ষা বিভাগের আধিকারীকরা অংশগ্রহন করেন ।

---------------------------------------------------------------------------------------

ড: পেগু আজ হাইলাকান্দিতে উপস্থিত হয়ে বিভিন্ন সরকারী অনুষ্ঠানেও অংশগ্রহণ করেন । তিনি হাইলাকান্দি শহরের পার্শ্ববর্তী বন্দুকমারাতে মডেল আবাসিক বিদ্যালয়ের উদ্বোধন করেন । কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী জনবিকাশ কার্যসূচীর অধীনে প্রায় কুড়ি লক্ষ টাকা ব্যয়ে এই মডেল আবাসিক বিদ্যালয় নির্মাণ করা হয়েছে । এই মডেল বিদ্যালয়ে ৩০০ জন ছাত্র ছাত্রী অধ্যয়ন করতে পারবে । এ উপলক্ষ্যে অনুষ্ঠিত সভায় হাইলাকান্দির বিধায়ক জাকির হুসেন লস্কর ,জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম , জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডার্ড ফারহিন উপস্থিত ছিলেন । এই বিদ্যালয়ে আগামী পয়লা এপ্রিল থেকে শিক্ষাগ্রহণ প্রক্রিয়া আরম্ভ হবে বলে শিক্ষামন্ত্রী রণোজ পেগু জানান ।

বাইট----

এদিকে প্রত্যন্ত এলাকার বিদ্যালয়গুলিতে শিক্ষকদের উপস্থিতি বাধ্যতামূলক থাকার বিষয়টি নিয়ে শিক্ষামন্ত্রীকে প্রশ্ন করা হলে তিনি বলেন যে বর্তমানে শিক্ষকের অভাব রয়েছে ।ইতিমধ্যে নিযুক্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে । নিযুক্তি প্রক্রিয়া শেষ হবার পর এই সমস্যার সমাধান হবে বলে শিক্ষামন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------

এদিকে বরাক উপত্যকা সফরের শেষ দিনে রাজ্যের শিক্ষামন্ত্রী ড.রণোজ পেগু আগামীকাল শিলচর আসবেন । ওইদিন তিনি কাছাড় জেলায় অনুষ্ঠিত গুণোৎসব কার্যসূচীতে উপস্থিত থাকবেন এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করবেন । এদিকে শিক্ষামন্ত্রী নরসিং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , এ কে চন্দ এল পি স্কুল এবং ভরাখাই হাইস্কুল পরিদর্শন করার কথা রয়েছে । দুপুরে তিনি কাছাড় জেলার অন্যান্য নির্ধারিত কার্যসূচীতে অংশ নিয়ে সন্ধ্যায় ডিমা হাসাওয়ের উদ্দেশ্যে যাত্রা করবেন ।

---------------------------------------------------------------------------------------

উত্তরাখন্ডে চলতি ৩৮ তম জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার আজ নবম দিনে লন বল প্রতিযোগীতায় আসামের সুরঞ্জনা বরুয়া রূপোর পদক অর্জন করেছে । সুরঞ্জনা বরুয়া কেরিয়ারের প্রথম জাতীয় ক্রীড়ায় পদক অর্জন করতে সক্ষম হয়েছে । আজ আসামের চারজন বক্সার নিজ নিজ ইভেন্টে সেমিফাইনালে প্রবেশ করেছে । এরমধ্যে তারকা বক্সার শিব থাপা , লাভলীনা বরগোঁহাই ,অঙ্কুশিতা বড়ো এবং আইকন মিলি রয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগ আয়োজিত খেল মহারণের দ্বিতীয় পর্যায়ে হাইলাকান্দি জেলার জেলা পর্যায়ের প্রতিযোগীতাগুলি আজ থেকে আরম্ভ হয়েছে । কাটলীছড়ার বিধায়ক সুজাম উদ্দিন লস্কর আজ পতাকা উত্তোলন করে খেল মহারণের দ্বিতীয় পর্যায়ের সূচনা করেন । উদ্বোধনী অনুষ্ঠানে জেলা আয়ুক্ত এন এইচ গৌতম ,অতিরিক্ত আয়ুক্ত রক্তিম বরুয়া এবং জেলা ক্রীড়া আধিকারিক নবীন চন্দ্র রাভাও উপস্থিত ছিলেন । জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম খেল মহারণে অংশগ্রহণকারী খেলোয়াড়দের শুভেচ্ছা জানিয়ে বলেন যে
বাইট-----

এদিকে বিধায়ক সুজাম উদ্দিন লস্কর // মূখ্যমন্ত্রীর নেতৃত্বে অনুষ্ঠিত গ্রাম পঞ্চায়েত ও বিধানসভা কেন্দ্রের খেল মহারণে হাইলাকান্দি জেলার হাজার হাজার খেলোয়াড়

উৎসাহের সঙ্গে অংশগ্রহণ করেছে বলে জানান । জেলা পর্যায়েও খেলোয়াড়রা ভালো প্রদর্শন করবে বলে তিনি আশা ব্যাক্ত করেন ।

---------------------------------------------------------------------------------------

পূর্ত বিভাগের শিলচর ও উধারবন্দ টেরিটোরিয়াল রোড ডিভিশনের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিলচর- হাইলাকান্দি রোডের একটি গুরুত্বপূর্ন লেন আজ থেকে আগামী ২০ শে মার্চ পর্যন্ত সাময়িকভাবে বন্ধ থাকবে । চিত্তরঞ্জন এভিনিউ পয়েন্ট এবং শনি মন্দিরের মধ্যে চার মিটার বাই চার মিটার বক্স সেল আর সি সি কালভার্ট নির্মাণের জন্য শিলচর- হাইলাকান্দি রোডের ডান দিকের লেন দিয়ে সবধরণের যানবাহন চলাচল বন্ধ থাকবে । নির্মাণ কাজ চলাকালীন উভয় দিক থেকে আসা যানবাহনগুলিকে সংশ্লিষ্ট স্থানে অবশিষ্ট লেন ব্যবহার করে চলাচল করতে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------